



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১২৫/২২

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর একজন সক্রিয় সদস্য শ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ২০/১০/২০২২ খ্রি. ০৪:৩০ ঘটিকায় রাজধানীর বাড্ডা থানাধীন জোড়াখাম্বা পূর্ব বাড্ডা, সেকান্দারবাগ এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর একজন সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- সাব্বির আহম্মেদ হোসাইন ওসমানি হোসাইন ওসমানি (২০), পিতা- হাফেজ রফিকুল ইসলাম, মাতা- মোসা: ফরিদা বেগম, গ্রাম- মোহাম্মদপুর (মোল্লা বাড়ি), ইউপি- রামরাইল, থানা- ব্রাহ্মণবাড়িয়া সদর, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বর্তমান ঠিকানা- ৫২৮, জোড়া খাম্বা পূর্ব বাড্ডা সেকান্দারবাগ, থানা- বাড্ডা, ঢাকা। শ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০১ (এক) টি এন্ড্রয়েড মোবাইল ফোন, ০১ (এক) টি বাটন মোবাইল ফোন, ০৪ (চার) টি সিম কার্ড, ০১ (একটি) পেনড্রাইভ ও ১১ (এগারো) টি উগ্রবাদী বই জব্দ করেছে।

শ্রেফতারকৃত আসামী সাব্বির আহম্মেদ হোসাইন ওসমানি হোসাইন ওসমানি “আনসারুল্লাহ বাংলা টিম” এর একজন সক্রিয় সদস্য। সামাজিক যোগাযোগ মাধ্যমে উদ্ভুদ্ধ হয়ে সে ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর কার্যক্রমের সাথে জড়িয়ে পড়ে। আসামীর ফেসবুক আইডি পর্যালোচনা করে দেখা যায় যে, আসামী তার নিজ ফেসবুক আইডির মাধ্যমে উগ্রবাদী মতবাদ সম্পর্কে বিভিন্ন পোস্ট প্রদান, নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর কার্যক্রম পরিচালনা ও জঙ্গিবাদী কার্যক্রমে উদ্ভুদ্ধ করতো।

শ্রেফতারকৃত আসামী সাব্বির আহম্মেদ হোসাইন ওসমানি হোসাইন ওসমানি (২০) নিষিদ্ধ ঘোষিত সংগঠনের “আনসারুল্লাহ বাংলা টিম” এর সদস্য পদ গ্রহণ, সমর্থন, এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

Atu

২০/১০/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd